

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়
(স্থানীয় সরকার, বরিশাল)
(www.barisal.gov.bd)

স্মারক নং- ০৫.১০.০৬০০.১১২.১১.০০২.২০১৬-৮৮৫

তারিখ : ১০ অগ্রহায়ণ, ১৪২৬
২৪ নভেম্বর, ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের, ইউপি-২ শাখার ০৭/১০/২০১৯ তারিখের ৪৩৫ স্মারকে নিয়োগ সংক্রান্ত ছাড়পত্র এবং “স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ চাকুরী বিধিমালা, ২০১১ (সংশোধনীসহ) এর নির্দেশনামতে বরিশাল জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে “হিসাব সহকারী-কাম- কম্পিউটার অপারেটর” এর নবসৃষ্ট পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বরিশাল জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

পদের নাম ও পদ সংখ্যা	শিক্ষাগত ও প্রয়োজনীয় যোগ্যতা	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড	মন্তব্য
হিসাব সহকারী- কাম-কম্পিউটার অপারেটর পদ সংখ্যা(৪২+৭+৩৬) ৮৫ (পঁচাত্তর)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যান্য দ্বিতীয় বিভাগে অথবা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে ২০(বিশ) শব্দ।	(৯৩০০-২২৪৯০) টাকা জাতীয় বেতন স্কেল ২০১৫	বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়

শর্তাবলী:

- ০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও বরিশাল জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। আগ্রহী প্রার্থীকে নির্ধারিত চাকুরির আবেদন ফরম স্পষ্টাক্ষরে স্ব-হস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) অথবা জেলা প্রশাসক, বরিশাল এর ওয়েবসাইট www.barisal.gov.bd হতে সংগ্রহ করা যাবে।
- ০৩। প্রার্থীকে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী ও সীল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, সকল শিক্ষাগত সনদের কপি এবং সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদনের সাথে দাখিল করতে হবে। সকল কাগজপত্র ও ছবি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ০৪। আগামী ২৬/১২/২০১৯ তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।
- ০৫। প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে অফেরৎযোগ্য ৪০০/- (চারশত) টাকা অনলাইনে সোনালী ব্যাংক, বরিশাল কর্পোরেট শাখা, বরিশাল এর চলতি হিসাব নম্বর ০৩০৪৬০২০০১৫৬০ জেলা প্রশাসক, বরিশাল এর অনুকূলে জমা প্রদানপূর্বক জমার মূল রশিদ আবেদনের সাথে দাখিল করতে হবে অথবা যে কোন তফসিলী ব্যাংক হতে জেলা প্রশাসক, বরিশাল এর অনুকূলে ৪০০/- (চারশত) টাকার পে অর্ডার/ ব্যাংক ড্রাফট আবেদনের সাথে জমা দিতে হবে।
- ০৬। প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপর উল্লেখপূর্বক ১০/- টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫x৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৭। বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযোদ্ধা সার্টিফিকেট(উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী ও সীল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে। বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৮। নিয়োগের ক্ষেত্রে কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। প্রার্থীকে খামের উপর পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে। কোন প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
- ০৯। আগামী ২৬/১২/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, বরিশাল বরাবর ডাকযোগে আবেদনপত্র পৌছাতে হবে। ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। এ কার্যালয়ের বিগত ২৯ জানুয়ারি ২০১৭ তারিখ ০৫.১০.০৬০০.১১২.১১.০০২.১৬.৫৯ নম্বর স্মারক এবং ২৬ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ ০৫.১০.০৬০০.১১২.১১.০০২.২০১৬-৭২৬ নম্বর স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- ১১। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১২। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদপত্র দাখিল করতে হবে।
- ১৩। বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
- ১৪। চাকুরির বিষয়ে কোনো প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- ১৫। কোন তথ্য গোপন করলে কিংবা তথ্যের স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র দাখিল করতে ব্যর্থ হলে কিংবা কোন প্রতারণার আশ্রয় নিলে প্রার্থী বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৬। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীদের পুলিশ ডেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে তিনি নিয়োগ লাভের অযোগ্য বলে বিবেচিত হবেন।
- ১৭। রিট পিটিশন নং- ১১৪৭৬/২০১৭ হতে উদ্ভূত লীড টু আপীল মামলা নং-৪৫২/২০১৮, এর গত ০৫/০২/২০১৮ তারিখের আদেশ, রিট পিটিশন নং-১৬৭১৪/২০১৭ হতে উদ্ভূত লীড টু আপীল মামলা নং-৭৬৭/২০১৮ এবং রিট পিটিশন নং-১৫৯৬০/২০১৭ হতে উদ্ভূত লীড টু আপীল মামলা নং-৭০৭/২০১৮ এ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের